

উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটির সভার কার্য বিবরণী।

সভার তারিখ : ১৫/০৯/২৪ খ্রিঃ।

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা (রোজ রবিবার)।

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর।

উপস্থিতি : উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির হাজিরা :-


ক্রঃ নং	নাম	চাকুরীতে পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মঞ্জিরা পারভীন	উপজেলা সমবায় অফিসার	সভাপতি	
০২	মোছাঃ উম্মে আহমা খানম	সহকারী পরিদর্শক	সদস্য	
০৩	মোঃ সোহেল রানা	অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর	"	

জনাব মঞ্জিরা পারভীন, উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর, এর সভাপতিত্বে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির কাজ শুরু হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য টিমের সদস্য জনাব মোঃ সোহেল রানা, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর কে নির্দেশনা প্রদান করেন।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সম্মুখে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সম্মুখে ত্রৈমাসিক ভিত্তিতে ০৪ টি সভার করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সম্মুখে ত্রৈমাসিক ভিত্তিতে সভা প্রতি ত্রৈমাসে করা সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
২	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রের আওতাধীন সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ত্রৈমাসিক তথ্য হালনাগাদ রাখতে হবে এবং প্রতিবেদন জেলা সমবায় কার্যালয়, নাটোর বরাবর প্রেরণ করতে হবে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।	সেবা প্রদান প্রতিশ্রুতির তথ্য প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ রাখতে এবং প্রতি ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩	সেবা প্রদান বিষয়ে দপ্তরের কর্মকর্তা, কর্মচারী/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে প্রশিক্ষণ/সেমিনার/অবহিতকরণ সভা আয়োজন।	সভাপতি সাহেব বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা প্রয়োজন। এতে সেবা প্রত্যাশীগণ কি সেবা প্রত্যাশা করে এবং তা কিভাবে দ্রুততার সাথে প্রদান করা যায় সে সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হবে। সভাপতি এ বিষয়ে সকলকে গুরুত্বের সাথে কার্যক্রম গ্রহণ করার জন্য আহ্বান জানান এবং দপ্তরের কর্মকর্তা, কর্মচারী/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে কমপক্ষে ০১টি প্রশিক্ষণ/কর্মশালা/ অবহিতকরণ সভা অনুষ্ঠিত করা কথা বলেন।	সেবা প্রদান বিষয়ে দপ্তরের কর্মকর্তা, কর্মচারী/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে প্রশিক্ষণ/সেমিনার/অবহিতকরণ সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
৪	বার্ষিক প্রতিবেদন প্রেরিত।	অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২৫ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির বার্ষিক প্রতিবেদন জেলা সমবায় কার্যালয়, নাটোর যথাসময়ে প্রেরণ করতে হবে।	বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
৫	বিবিধ	১. প্রতিটি সভার রেজুলেশন জেলায় প্রেরণ করতে হবে। ২. প্রতি ত্রৈমাসিক প্রমাণক যথাসময়ে সংরক্ষণ করতে হবে। ৩. ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।	ত্রৈমাসিক প্রতিবেদন সংরক্ষণ, প্রেরণ এবং ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি


অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটির সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

ও

উপজেলা সমবায় অফিসার


নাটোর সদর, নাটোর।
২৫/০৯/২৪